



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : [banglaacademy.pr@gmail.com](mailto:banglaacademy.pr@gmail.com), [bacademy1955@yahoo.com](mailto:bacademy1955@yahoo.com)

ওয়েব সাইট : [www.banglaacademy.gov.bd](http://www.banglaacademy.gov.bd)

পত্র সংখ্যা :

তারিখ : ৩১.০৮.২০২১

## বাংলা একাডেমি প্রাঙ্গণে বশীর আলহেলালের প্রতি শ্রদ্ধা নিবেদন



কথাসাহিত্যিক, গবেষক, বাংলা একাডেমির ফেলো ও সাবেক পরিচালক বশীর আলহেলাল আজ ১৬ই ভাদ্র ১৪২৮/৩১শে আগস্ট ২০২১ মঙ্গলবার প্রয়াত হয়েছেন।

বশীর আলহেলালের মরদেহ আজ বিকেল ৫:০০টায় শেষ শ্রদ্ধা নিবেদনের জন্য বাংলা একাডেমি প্রাঙ্গণে আনা হয়। এখানে তাঁর নামাজ-ই জানাজা অনুষ্ঠিত হয়।

বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদার নেতৃত্বে বাংলা একাডেমি পরিবার পুষ্পস্তবক অর্পণ করে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এসময় একাডেমির সচিব এ. এইচ. এম. লোকমান, পরিচালক, উপপরিচালক এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে অতিরিক্ত সচিব মনিরুল আলমের নেতৃত্বে প্রয়াত বশীর আলহেলালের মরদেহে পুষ্পার্ঘ্য নিবেদন করেন।

বাংলা একাডেমি প্রাঙ্গণে প্রয়াত বশীর আলহেলালের জানাজা অনুষ্ঠিত হয়। জানাজা পরিচালনা করেন একাডেমির পরিচালক ড. মো. হাসান কবীর।

সমীর কুমার সরকার

পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ

বাংলা একাডেমি, ঢাকা